# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ওয়েবঃ www.bsmrmu.edu.bd, ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd


বিজ্ঞপ্তি নম্বরঃ বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২০/০১ তারিখঃ ১০/০২/২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদের নাম (বেতনক্রম), পদসংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সেকশন অফিসার<br>২২,০০০-৫৩,০৬০/-<br>(গ্রেড-৯)<br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>**(খ) অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ২. | উপ-সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(খ) **অভিজ্ঞতা:** (১) অবশ্যই বেসিক কম্পিউটার প্রোগ্রাম (এমএস ওয়ার্ড, এমএস,এক্সেল,এমএস পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ইত্যাদি) এ ধারণা থাকিতে হইবে;<br>(২) কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ডিগ্রি পর্যায়ের সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ কাজে নূন্যতম ৩ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৩. | গ্রাফিক্স ডিজাইনার<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বৃহৎ প্রতিষ্ঠানে গ্রাফিক্স ডিজাইনিং এ ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৪. | যানবাহন মেকানিক<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>(গ্রেড-১০)<br>- ০১ (এক) জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কারিগরী শিক্ষা বোর্ড হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা;<br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ডিগ্রি পর্যায়ের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে/কোনো বৃহৎ প্রতিষ্ঠানে যানবাহন রক্ষণাবেক্ষণে ন্যূনতম ৩ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৫. | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩)<br>-০৮ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি পাস। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৬. | আইটি টেকনিশিয়ান<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩)<br>- ০১ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস। সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হতে ট্রেড কোর্স/ডিপ্লোমা ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৭. | ল্যাবরেটরি টেকনিশিয়ান<br>১১,০০০-২৬,৫৯০/-<br>(গ্রেড-১৩)<br>- ০১ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস। সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হতে ট্রেড কোর্স সম্পন্নকারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ৮. | ড্রাইভার<br>(ভারী ও মধ্যম)-<br>৯,৭০০-২৩,৪৯০/-<br>(গ্রেড-১৬)<br>-০২ জন | ৩৫ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/৮ম শ্রেণি/সমমান পাসসহ বিআরটিএ এর ভারী লাইসেন্সধারী হইতে হইবে;<br>(খ) **অভিজ্ঞতা:** ভারী ও মধ্যম গাড়ি চালনায় ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ভারী গাড়ী চালনায় অধিক বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;<br>(গ) মোটর ড্রাইভিং-এ সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপির (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |

| | | | |
|---|---|---|---|
| ৯. | **অফিস সহায়ক**<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০)<br><br>-০৪ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০. | **নিরাপত্তা প্রহরী (পুরুষ)**<br>৮,২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০)<br><br>- ০১ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/ ৮ম শ্রেনী/সমমান পাস। এসএসসি পাস অগ্রাধিকারযোগ্য;<br>(খ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ এমওডিসি/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |
| ১১. | **জেনিটর/ক্লিনার**<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০)<br><br>-০১ জন | ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/ ৮ম শ্রেনী/সমমান পাস;<br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

জাতীয় বেতন-স্কেল ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হয়েছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হবে।

**শর্তাবলী:**

১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ১১ মার্চ ২০২০ তারিখ এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের এর মধ্যে পৌছাতে হবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrmu.edu.bd** বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান /যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

২। বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড-এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হইতে ১ নং পদের জন্য ৮০০/০০ (আটশত), ২-৪ নং পদের জন্য ৫০০/০০ (পাঁচশত) ও ৫-১১ নং পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৪। মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজী বিধায় প্রার্থীর ইংরেজীতে পারদর্শীতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।

৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

৯। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১০। **চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

১১। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানাঃ বন্দর, জেলাঃ চট্টগ্রাম)-এ স্থানান্তরের প্রক্রিয়া চলমান এবং ২০২১ সাল নাগাদ স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরিত হবে।

১২। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা হতে পারে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

এ জেড এম জালাল উদ্দিন
কমডোর বিএন
রেজিস্ট্রার
বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি